# নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগ ও পদোন্নয়ন নীতিমালা

## ১৫ নভেম্বর ২০০৮ অনুষ্ঠিত রিজেন্ট বোর্ডের ৬ষ্ঠ সভায় অনুমোদিত এবং তৎপরবর্তী অনুমোদিত সংশোধনীসহ সর্বশেষ ২১ ডিসেম্বর ২০১৬ অনুষ্ঠিত রিজেন্ট বোর্ডের ২৮তম সভায় অনুমোদিত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগ ও পদোন্নয়ন নীতিমালা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ২০০১ এ বর্ণিত বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রেক্ষিত বিবেচনা করে ও মঞ্জুরী কমিশন কর্তৃক গঠিত বিশ্ববিদ্যালয়সমূহে অভিন্ন নিয়োগ ও পদোন্নয়ন নীতিমালা প্রণয়ন লক্ষ্যে গঠিত কমিটির খসড়া নীতিমালার আলোকে প্রণীত ও ১৫ নভেম্বর ২০০৮ অনুষ্ঠিত রিজেন্ট বোর্ডের ৬ষ্ঠ সভায় অনুমোদিত নীতিমালা এবং তৎপরবর্তী অনুমোদিত সংশোধনীসহ সর্বশেষ ৩ অক্টোবর ২০১৫ অনুষ্ঠিত রিজেন্ট বোর্ডের ২২তম সভায় গঠিত কমিটি কর্তৃক প্রণীত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগ ও পদোন্নয়ন নীতিমালাঃ

### সাধারণ নীতিমালাঃ

ক. সকল পর্যায়ের নিয়োগ স্বতন্ত্র নিয়োগ হিসেবে বিবেচিত হবে, কোন নিয়োগকেই পদোন্নতি হিসাবে গণ্য করা হবেনা।

খ. অন্যান্য প্রতিষ্ঠান থেকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে যে সকল শিক্ষক অত্র বিশ্ববিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত হয়েছেন/হবেন শুধুমাত্র তাদের ক্ষেত্রে পূর্বতন চাকুরীকাল গণনার বিষয় বিশ্ববিদ্যালয় প্রণীত সংবিধির আলোকে বিবেচনা করা হবে।

গ. বিশ্ববিদ্যালয় প্রণীত সংবিধির রূপরেখা নিম্নরূপঃ

পেশাগত অভিজ্ঞতা হিসাবে বিশ্ববিদ্যালয় এবং সমমানের শিক্ষা প্রতিষ্ঠান (যেখানে ন্যূনতম স্নাতক পর্যায়ের ডিগ্রি দেয়া হয়) এর শিক্ষকতার অভিজ্ঞতা এবং সরকারী বা স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান গবেষক হিসাবে অভিজ্ঞতা এবং স্বীকৃত সংস্থার চাকুরী/সংশ্লিষ্ট বিষয়ে কাজ করলে চাকুরির অভিজ্ঞতা গণনা করা হবে। বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের পেশাগত অভিজ্ঞতা নিম্নোক্ত হিসেব অনুসারে গণনা করা হবেঃ

১. পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকুরীর পূর্ণ সময়কাল।
২. সরকারী কলেজ (যেখানে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স রয়েছে)/বেসরকারী বিশ্ববিদ্যালয়/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে চাকুরীর তিন চতুর্থাংশ সময়কাল।
৩. সরকারী ডিগ্রি কলেজের চাকুরীর এক দ্বিতীয়াংশ সময়কাল।
৪. স্বীকৃত সংস্থায় বা গবেষণাধর্মী চাকুরীর এক দ্বিতীয়াংশ সময়কাল।

খন্ডকালীন শিক্ষকতা বা চুক্তিভিত্তিক খন্ডকালীন অভিজ্ঞতা চাকুরীকাল গণনার জন্য বিবেচনা করা হবেনা।

ডেপুটেশন, শিক্ষাছুটি, স্যাবটিক্যাল ছুটি অথবা অন্য যেকোন ছুটিরকাল (অসাধারণ ছুটি বাদে) নোবিপ্রবি'র ছুটি রুলস মোতাবেক গণনা করা হবে।

সরাসরি নিয়োগ বা আপগ্রেডিং উভয় ক্ষেত্রে প্রবন্ধ প্রকাশনা যে জার্নালে হবে তা অবশ্যই স্বীকৃত রেফার্ড বা মান সম্মত জার্নালে হতে হবে।

যৌথ প্রকাশনার ক্ষেত্রে প্রত্যেকটি প্রকাশনার প্রথম ও দ্বিতীয় গবেষক এর জন্য পূর্ণ প্রকাশনা তৃতীয় গবেষকের জন্য অর্ধেক এবং চতুর্থ ও তৎপরবর্তী গবেষকদের জন্য এক চতুর্থাংশ প্রকাশনা হিসাবে বিবেচিত হবে, তবে গবেষণা পত্র যদি মাস্টার্স/এমফিল/পিএইচডি এর থিসিস থেকে হয় Supervisor এবং Co-Supervisor পূর্ণ পয়েন্ট পাবে।

পদোন্নয়ন ও সরাসরি নিয়োগের মধ্যে কোন পার্থক্য থাকবেনা। বিশ্ববিদ্যালয়ের আইন ও বিধানানুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

শিক্ষকদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক থেকে অধ্যাপক পর্যন্ত একজন কোন পদে পদোন্নয়নের মাধ্যমে নিয়োগ লাভ করতে পারবে।



CamScanner

এই বিশ্ববিদ্যালয়ের (১) বিজ্ঞান অনুষদ (২) প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ (৩) সোশাল সায়েন্স এন্ড বিজনেস স্টাডিজ অনুষদ এবং (৪) ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি ও (৫) ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস এর ধরণ সম্পূর্ণ ভিন্ন হওয়ায় সকল অনুষদ ও ইনস্টিটিউটের জন্য শিক্ষক নিয়োগ ও পদোন্নয়ের ক্ষেত্রে কেন্দ্রীয় নীতিমালায় ন্যূনতম একটি ক্রাইটেরিয়া নির্ধারণ এবং বিভিন্ন অনুষদ ও ইনস্টিটিউটের জন্য স্ব স্ব ক্ষেত্রের যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক বিজ্ঞপ্তি প্রদানের সুযোগ রাখা হবে।

(১) সহকারী অধ্যাপক ও প্রভাষক নিয়োগকালে উচ্চতর ডিগ্রির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে এবং শর্ত শিথিলযোগ্য।

(২) অধ্যাপক ও সহযোগী অধ্যাপক নিয়োগকালে প্রার্থীদের উচ্চতর ডিগ্রি/পিএইচডি, অভিজ্ঞতা, গবেষণা ও উচ্চমানের প্রকাশনা থাকলে অগ্রাধিকার দেয়া হবে এবং শর্ত শিথিল করা যেতে পারে।

যে সকল প্রার্থীর উন্নত বিশ্বের/বিশ্বমানের কোন বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি, বিশ্বমানের গবেষণা প্রতিষ্ঠান থেকে গবেষণার অভিজ্ঞতা, আন্তর্জাতিকভাবে স্বীকৃত জার্নালে প্রকাশনা ও সংশ্লিষ্ট ক্ষেত্রের মৌলিক গবেষণা, স্বীকৃত এ্যাওয়ার্ড, আবিষ্কার ও উদ্ভাবন ইত্যাদি রয়েছে তাদের ক্ষেত্রে অন্যান্য শর্ত সমূহ শিথিলযোগ্য।

পদের নাম: প্রভাষক

| পদের বেতন স্কেল | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা |
|---|---|
| ৬,৮০০-১৩,০৭০ (পূর্বতন) | ১. সোশাল সায়েন্স এন্ড বিজনেস স্টাডিজ/বিজ্ঞান/ প্রকৌশলী ও প্রযুক্তি অনুষদ:<br><br>ক. ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৪বছরের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। এসএসসি এবং এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ-৪.০ এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেনী/সমমানের জিপিএ ৩.৫০ থাকতে হবে। ইংরেজী বিষয়ের ক্ষেত্রে ২টি প্রথম বিভাগ/জিপিএ-৪.০০ বা শ্রেণী/জিপিএ-৩.০০ গ্রহণযোগ্য হবে। অনুরূপভাবে ইতিহাস ও বাংলা বিভাগের ক্ষেত্রেও ইংরেজীর ন্যায় গ্রহণযোগ্য হবে। |

২. পদের নাম: সহকারী অধ্যাপক

| পদের বেতন স্কেল | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা | | পদোন্নয়ন-আপগ্রেডেশন এর ক্ষেত্রে যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| | যোগ্যতা | অভিজ্ঞতা | |
| ২ | ৩ | ৪ | ৫ |
| ১১,০০০-১৭,৬৫০ (পূর্বতন) | ১. সোশাল সায়েন্স এন্ড বিজনেস স্টাডিজ/বিজ্ঞান/প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ: | ক এর ক্ষেত্রে ন্যূনতম ১টি প্রকাশনা থাকলে সরাসরি আবেদন করতে পারবে। | ক. পিএইচডি/সমমানের ডিগ্রি ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা কিংবা ১টি প্রকাশনা। |
| | ক. পিএইচডি ডিগ্রি<br><br>খ. এমফিল/সমমানের ডিগ্রি<br><br>গ. থিসিস গ্রুপে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। | খ এর ক্ষেত্রে শিক্ষকতা ও গবেষণার কাজে ২ বছরের অভিজ্ঞতা, ন্যূনতম ১টি প্রকাশনা থাকতে হবে।<br><br>গ এর ক্ষেত্রে শিক্ষকতা ও গবেষণার কাজে ২ বছরের অভিজ্ঞতা, ন্যূনতম ২টি প্রকাশনা থাকতে হবে। | খ. এমফিল/সমমান ডিগ্রির ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা ও ১টি প্রকাশনা।<br><br>গ. স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা ও ২টি প্রকাশনা। |

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় * নোয়াখালী-৩৮১৪ *



CamScanner

৩. পদের নাম: সহযোগী অধ্যাপক

| পদের বেতন স্কেল | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা | | পদোন্নয়ন-আপগ্রেডেশন এর ক্ষেত্রে যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| | যোগ্যতা | অভিজ্ঞতা | |
| ২ | ৩ | ৪ | ৫ |
| ১২,০০০-১৯,৮০০ (পূর্বতন) | ১. সোশাল সায়েন্স এন্ড বিজনেস স্টাডিজ/বিজ্ঞান/প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ:<br><br>ক. পিএইচডি ডিগ্রি<br><br>খ. এমফিল/সমমানের ডিগ্রি<br><br>গ. থিসিস গ্রুপে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। | ক এর ক্ষেত্রে ৭ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে ৩ বছর সহকারী অধ্যাপক হিসাবে। স্বীকৃত জার্নালে ৪টি প্রকাশনা থাকতে হবে।<br><br>খ এর ক্ষেত্রে ৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে ৩ বছর সহকারী অধ্যাপক হিসাবে। স্বীকৃত জার্নালে ৫টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৩টি সহকারী অধ্যাপক হিসাবে।<br><br>গ এর ক্ষেত্রে ৯ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে ৩ বছর সহকারী অধ্যাপক হিসাবে। স্বীকৃত জার্নালে ৫টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৩টি সহকারী অধ্যাপক হিসাবে। | ক. পিএইচডি ডিগ্রির ক্ষেত্রে ৭ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে ৩ বছর সহকারী অধ্যাপক হিসাবে। স্বীকৃত জার্নালে ৫টি প্রকাশনা থাকতে হবে তন্মধ্যে ২টি সহকারী অধ্যাপক হিসাবে।<br><br>খ. এমফিল ডিগ্রির ক্ষেত্রে ৯ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে ৪ বছর সহকারী অধ্যাপক হিসাবে। স্বীকৃত জার্নালে ৬টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৩টি সহকারী অধ্যাপক হিসাবে।<br><br>গ. স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে ১১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে ৫ বছর সহকারী অধ্যাপক হিসাবে। স্বীকৃত জার্নালে ৫টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৩টি সহকারী অধ্যাপক হিসাবে। |

৪. পদের নাম: অধ্যাপক

| পদের বেতন স্কেল | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা | | পদোন্নয়ন-আপগ্রেডেশন এর ক্ষেত্রে যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| | যোগ্যতা | অভিজ্ঞতা | |
| ২ | ৩ | ৪ | ৫ |
| ১৬,৮০০-২০,৭০০ (পূর্বতন) | ১. সোশাল সায়েন্স এন্ড বিজনেস স্টাডিজ/বিজ্ঞান/প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ:<br><br>ক. পিএইচডি ডিগ্রি<br><br>খ. এমফিল/সমমানের ডিগ্রি<br><br>গ. থিসিস গ্রুপে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। | ক . বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ১২ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে ২ বছর সহযোগী অধ্যাপক হিসাবে। ১০টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৩টি সহযোগী অধ্যাপক হিসাবে।<br><br>খ. বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ১৪ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৫ বছর। মোট ১২টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৫টি। | ক. পিএইচডি ডিগ্রির ক্ষেত্রে ১২ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৩ বছর অভিজ্ঞতা। মোট ১০টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৩টি সহযোগী অধ্যাপক হিসাবে।<br><br>খ. এমফিল ডিগ্রির ক্ষেত্রে ১৬ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৭ বছর। মোট ১৪টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৬টি সহযোগী অধ্যাপক হিসাবে।<br><br>গ. মাস্টার্স ডিগ্রির ক্ষেত্রে ২১ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে নোবিপ্রবিতে সহযোগী অধ্যাপক হিসাবে ১২ বছরের অভিজ্ঞতা। মোট ১৫টি প্রকাশনা, তন্মধ্যে ৮টি সহযোগী অধ্যাপক হিসাবে। |



CamScanner

৫. <u>সিলেকশন গ্রেড: অধ্যাপক ব্যতীত অন্যান্য শিক্ষক:</u> কোন শিক্ষক যদি তার বেতন স্কেলের শেষ ধাপে উন্নীত হন তবে সরকারি নিয়ম মোতাবেক ১ বছর বেতন বৃদ্ধি বন্ধ থাকবে এবং পরবর্তী বছরে পরবর্তী স্কেলে বেতন প্রাপ্ত হবেন।

৬. <u>সিলেকশন গ্রেড: অধ্যাপক:</u> সর্বমোট অধ্যাপকগণের ২৫% জ্যেষ্ঠতার ভিত্তিতে সিলেকশন গ্রেড প্রাপ্ত হবেন (বেতন স্কেলের সর্বশেষ ধাপ)। তবে শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড প্রদান করা যাবে এমন অধ্যাপকগণের গণনাযোগ্য চাকরীকাল ২০ বছর এবং এর মধ্যে অধ্যাপক সমমানের স্কেলে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ২৫% নির্ধারণের ক্ষেত্রে ভগ্নাংশ হলে পরবর্তী পূর্ণ সংখ্যা হিসাবে গণনার জন্য (পূর্ণ সংখ্যা হিসাবে) গণ্য হবে।

<u>নীতিমালা প্রণয়ন কমিটি:</u>

১। প্রফেসর ড. মো: আবুল হোসেন, উপ-উপাচার্য ও আহ্বায়ক, নোবিপ্রবি শিক্ষক নিয়োগ ও পদোন্নয়ন নীতিমালা পর্যালোচনা কমিটি।

২। প্রফেসর ড. শরীফ এনামুল কবির, সদস্য, পাবলিক সার্ভিস কমিশন ও সদস্য, রিজেন্ট বোর্ড, নোবিপ্রবি ও অধ্যাপক, রসায়ন বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা এবং সদস্য, নোবিপ্রবি শিক্ষক নিয়োগ ও পদোন্নয়ন নীতিমালা পর্যালোচনা কমিটি।

৩। প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন, মাইক্রোবায়োলজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও সদস্য, রিজেন্ট বোর্ড, নোবিপ্রবি এবং সদস্য, নোবিপ্রবি শিক্ষক নিয়োগ ও পদোন্নয়ন নীতিমালা পর্যালোচনা কমিটি।